গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

# স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ”দেশের গুরুত্বপূর্ণ স্থানে ০২টি বহুতল আবাসিক ভবন” শীর্ষক প্রকল্পের যাচাই-বাচাই কমিটি'র সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২৮/০৩/২০২৩ |
| সভার সময় | সকাল ১০.৩০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করলে উপসচিব (পরিকল্পনা-১ শাখা) আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

০২। উপস্থাপনা: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরিচালক সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, এ প্রকল্পের আওতায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দেশের গুরুত্বপূর্ণ স্থানে ০২টি বহুতল আবাসিক ভবন”-শীর্ষক প্রকল্পের প্রস্তাব করা হয়েছে যার প্রাক্কলিত ব্যয় ৬৩.৬৪ কোটি টাকা এবং এ প্রকল্পের বাস্তবায়নকাল মার্চ ২০২৩ হতে জুন ২০২৬ পর্যন্ত। এ পর্যায়ে তিনি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহকারী পরিচালক (পরিকল্পনা) কে উপস্থাপনার জন্য অনুরোধ করেন।

০৩। সহকারী পরিচালক (পরিকল্পনা) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাকে জানান “দেশের গুরুত্বপূর্ণ স্থানে ০২টি বহুতল আবাসিক ভবন”-শীর্ষক প্রকল্পটি সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে জন শৃঙ্খলা ও সুরক্ষা সেক্টরের আওতায় ৬৩.৬৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ ২০২৩ হতে জুন ২০২৬ মেয়াদে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের পরিকল্পনা নেওয়া হয়েছে। তিনি প্রকল্পের উদ্দেশ্য সম্পর্কে বলেন, প্রাকৃতিক ও মানবসৃষ্ট যেকোনো দুর্যোগে প্রথম সাড়াদানকারী বাহিনী অর্থাৎ ফায়ার-ফাইটারদের জন্য আবাসন সুবিধা সৃষ্টি তথা তাদের কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থান নিশ্চিতের মাধ্যমে একটি টেকসই সাড়াদান ব্যবস্থা গড়ে তোলা। এ লক্ষ্যে প্রাথমিক পদক্ষেপ হিসেবে ঢাকা শহরে ০২টি বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ করা। যেকোনো দুর্যোগে তাৎক্ষণিক সাড়াদান নিশ্চিত করার নিমিত্ত উদ্ধারকারী দলের সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থাকা আবশ্যক। পক্ষান্তরে, দেশে ইতোমধ্যে স্থাপিত ফায়ার স্টেশনের অনুপাতে ফায়ার সার্ভিসের কর্মীদের আবাসিক সুবিধা গড়ে তোলা সম্ভব হয়নি। ফলশ্রুতিতে, বিপুল সংখ্যক ফায়ারকর্মী দীর্ঘদিন যাবৎ আবাসন সুবিধা না নিয়ে দায়িত্ব পালন করছে। উল্লেখ্য যে, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকায় ফায়ার সার্ভিস এর কর্মীদের অনুমোদিত পদ সংখ্যা ১০৮২ জন। তন্মেধ্যে, মাত্র ১০৮ জনকে আবাসিক সুবিধা প্রদান করা সম্ভব হয়েছে। এতে চাহিদার মাত্র ৯.৯৮% পূরণ হয়েছে। এখনও ৯০% কর্মী এ সুবিধার বাহিরে আছেন। উল্লিখিত সমস্যা সমাধানে এ প্রকল্পের আওতায় ০২টি বহুতল আবাসিক

ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ঢাকা মহানগরীতে কর্মরত ৪০ জন ফায়ার কর্মী ও ৪০ জন অফিসারের আবাসন সুবিধা প্রদান করা সম্ভব হবে। **উল্লেখ্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট ২০২২ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী এ প্রকল্পের আওতায় ০৬টি বহুতল আবাসিক ভবন নির্মাণের স্থলে ০২টি বহুতল আবাসিক ভবন নির্মাণের প্রস্তাব করা হয়েছে।**

০৪। সহকারী পরিচালক (পরিকল্পনা) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাকে জানান যে, সদরঘাট ফায়ার স্টেশনে বিদ্যমান জরাজীর্ণ ০২ তলা স্টাফ কোয়ার্টার এবং টিন সেড ভবন ভেঙ্গে তদস্থলে নতুন ১২ তলা ০১টি আবাসিক ভবন নির্মিত হবে এবং মিরপুর ফায়ার স্টেশনে বিদ্যমান জরাজীর্ণ ০৪ তলা স্টাফ কোয়ার্টার ভেঙ্গে তদস্থলে নতুন ১২তলা ০১টি আবাসিক ভবন নির্মিত হবে। সভাপতি মহোদয় আবাসিক ভবনের যৌক্তিকতা আছে কি-না জানতে চাইলে সহকারি পরিচালক (পরিকল্পনা) বলেন, ঢাকা শহরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর যে সকল অফিসার বসবাস করেন তাঁদের জন্য পর্যাপ্ত বাসা বরাদ্দ নেই। সে জন্য ভবন নির্মাণ করা জরুরী। সভাপতি মহোদয় ১২তলা ভবন সম্পর্কে বিস্তারিত জানতে চাইলে পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর জানান যে, ১২ তলা ভিত বিশিষ্ট ০২টি ভবনে প্রতি তলা ১০০০ ও ৮০০ বর্গফুট বিশিষ্ট ৪০টি ফ্লাট নির্মাণ করা হবে। সভাপতি ১২ তলা ভবনে কে থাকবে তার তালিকা জানতে চেয়েছেন। এছাড়াও সভাপতি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে আবাসিক সুবিধা পাওয়ার যোগ্য কতজন কর্মকর্তা ও কর্মচারী আছে সে অনুযায়ী ভবন নির্মাণ করার মতামত ব্যক্ত করেন। অতিরিক্ত সচিব (অগ্নি) বলেন- ৮০০ বর্গফুট ভবনে থাকাটা কঠিন সেজন্য ১২০০ বর্গফুট এবং ১০০০ বর্গফুটের আবাসিক ভবন নির্মাণ করা প্রয়োজন।

০৫। সভাপতি মিরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর প্রধান কার্যালয় করার পরামর্শ প্রদান করেন। কারণ সেখানে পর্যাপ্ত জায়গা রয়েছে। জনবল হিসাব করে বিভাগীয় শহরে ভবন নির্মাণের পরামর্শ প্রদান করেন এবং বর্তমান অবস্থান আলাউদ্দীন রোড থেকে হেডকোয়ার্টার মিরপুরে সরিয়ে নিলে তদস্থলে আবাসিক ভবন নির্মাণ করা যাবে কি-না জানতে চাইলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরিচালক ভবন নির্মাণ করা যাবে মর্মে মতামত ব্যক্ত করেন। পুনরায় সভাপতি অভিমত ব্যক্ত করে বলেন যে, হঠাৎ করে ১২তলা ভবন নির্মাণে ৬৩ কোটি টাকা খরচ করলে পরে দেখা যাবে কেউ বসবাস করছে না। তিনি বাসা বরাদ্দ পাওয়ার যোগ্য কর্মকর্তা ও কর্মচারিদের তালিকা করে মিরপুর ও সদরঘাটে ০২টি ভবন নির্মাণের পরামর্শ প্রদান করেন। এছাড়া ফায়ারম্যানের জন্য আলাদা কোন বাসা বরাদ্দ প্রয়োজন নেই। ফায়ারম্যান পদোন্নতি পেয়ে বাসা পাওয়ার যোগ্য বিবেচিত হলে তার অনুকূলে বাসা বরাদ্দ প্রদান করা হবে। ফায়ারম্যান ব্যারাকে থাকলে আপদকালীন যেকোন উদ্ধারকার্যে অংশগ্রহণ করতে পারবে।

০৬। সভায় প্রকল্পের ডিপিপি যাচাই বাছাইয়ান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

(ক) সদরঘাট ও মিরপুরে ০২টি আবাসিক ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) বাংলাদেশ বরাদ্দ বিধিমালা ১৯৮২ এর আলোকে ১২ তলা ভিত বিশিষ্ট কর্মকর্তাদের জন্য মিরপুরে ১২০০ বর্গফুট (ই শ্রেণি) ও কর্মচারিদের জন্য সদরঘাটে ৮০০ বর্গফুট (সি শ্রেণি) এর আবাসিক ভবন নির্মাণ করতে হবে;

(ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আবাসিক সুবিধা পাওয়ার যোগ্য কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করতে হবে;

(ঙ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ঢাকা শহরে কতটি ভবন বিদ্যমান রয়েছে এবং কতজন আবাসিক সুবিধা পেয়ে থাকেন তা সুস্পষ্ট উল্লেখ করতে হবে।

০৭। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা

করেন।




মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০২০.২১.৭৪

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০
০৭ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
২) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৩) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৪) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর
৫) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
৬) পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
৮) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বাজেট-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
৯) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
১০) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ মোশারফ হোসেন
উপসচিব